যুগান্তর

তারিখ 23 AUG 2017

এইচএসসি ও সমমানে পুনঃনিরীক্ষণের ফল

# আরও ১৫৩ শিক্ষার্থী তিন বোর্ডে জিপিএ-৫ পেয়েছে

**যুগান্তর রিপোর্ট**

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। রাত সোয়া ৮টা পর্যন্ত ১০টির মধ্যে তিন শিক্ষা বোর্ডের ফল পাওয়া গেছে। এতে দেখা গেছে, নতুন করে আরও ১৫৩ জন জিপিএ-৫ পেয়েছে। ফেল থেকে পাস করেছে ৩০৭ জন। ফল পরিবর্তন হয়েছে এক হাজার ৩৩৪ জনের।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, নতুন ফল পাওয়া পরীক্ষার্থীদের আমরা অভিনন্দন জানাচ্ছি। তবে যেসব পরীক্ষকের ভুলের কারণে শিক্ষার্থী সাময়িক হলেও কষ্ট পেয়েছে তাদের ভুলের বিষয়টি আমরা পর্যালোচনা করব। বড় ভুল করা পরীক্ষকদের ব্যাপারে বোর্ড সিদ্ধান্ত নেবে।

**ফেল থেকে পাস করেছে ৩০৭ জন**

এবার ঢাকা শিক্ষা বোর্ডের এইচএসসির ফল পুনঃনিরীক্ষণের আবেদন করে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ১২৪ জন শিক্ষার্থী। ফেল থেকে পাস করেছে ১৬৯ জন। ঢাকা বোর্ডে পুনঃনিরীক্ষণে বিভিন্ন পর্যায়ে গ্রেড পরিবর্তন হয়েছে এক হাজার ৪৫ জন পরীক্ষার্থীর। এবার এ বোর্ডে মোট ৪৭ হাজার ২২৭ পরীক্ষার্থী এক লাখ ৩৩ হাজার ২১১টি খাতা পুনঃনিরীক্ষণের আবেদন করেছিল।

গত বছর এ বোর্ডে মোট ৪২ হাজার ১৫১ জন আবেদন করে। তারা এক লাখ ২৬ হাজার ৩৪২টি উত্তরপত্র চ্যালেঞ্জ করেছিল। গত বছর নতুন করে জিপিএ-৫ পেয়েছিল ১১৫ জন। ফল পরিবর্তন হয় এক হাজার ১৫ জনের আর ফেল থেকে পাস করে ২০৪ জন।

মাদ্রাসা বোর্ডে মোট সাত হাজার ২৭৯ জন শিক্ষার্থী ১৪ হাজার ৯১৭টি উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করে। এর মধ্যে ১৭৩ জনের ফল পরিবর্তন হয়েছে। নতুন করে ১৮ জন পেয়েছে জিপিএ-৫। ফেল থেকে পাস করেছে ১০৪ জন। ৩৬ জনের জিপিএ উন্নতি হয়েছে। তবে আবেদনকারীদের মধ্যে ফেল করা ১১ জন ফেলই আছে। এ বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফউল্লা এ তথ্য নিশ্চিত করে বলেন, পরীক্ষকদের ভুলের মাত্রা চিহ্নিত ও পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

যশোর বোর্ড সূত্র জানায়, যশোর বোর্ডে ২৫ হাজার ৭৭০ বিষয়ে ফল পুনঃনিরীক্ষণে আবেদন করে। তার মধ্যে বিভিন্ন গ্রেডে ১১৬ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ৩৪ জন। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ১১ জন।

**চট্টগ্রামে সাড়ে তিনশ' শিক্ষার্থীর গ্রেড পরিবর্তন :** চট্টগ্রাম ব্যুরো জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসির পুনঃনিরীক্ষণ পরীক্ষায় প্রায় সাড়ে তিনশ' শিক্ষার্থীর গ্রেড পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে পাস করেছে অর্ধশত শিক্ষার্থী। একই সঙ্গে নতুন করে জিপিএ-৫ পেয়েছে আরও ২৩ জন। মঙ্গলবার সকালে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশে এ তথ্য জানিয়েছে। ফলাফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীদের তথ্য বোর্ডের ওয়েবসাইটে আপডেট করা হয়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. মাহবুব হাসান যুগান্তরকে বলেন, 'প্রকাশিত ফলাফলে যারা আশানুরূপ ফল পায়নি বলে মনে করেছে; মূলত তারাই পুনঃনিরীক্ষণে আবেদন করেছে। এর ফলে বোর্ডের নিয়ম মোতাবেক উত্তরপত্রগুলো পুনঃনিরীক্ষণ করে ফলাফল প্রকাশ করা হয়েছে।' এবারের এইচএসসির ফলাফল বিপর্যয়ের ফলে চট্টগ্রামের উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে না সদ্য পাস করা বেশির ভাগ শিক্ষার্থী। গত পাঁচ বছরের তুলনায় এবারের ফলাফল সবচেয়ে বেশি বিপর্যয় হওয়ায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। চট্টগ্রাম মেডিকেল, বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার যোগ্যতা না থাকায় অনেক শিক্ষার্থী ও অভিভাবক এ নিয়ে উদ্বেগে রয়েছেন। তবে খারাপ ফলাফলের বিষয়টি বিবেচনায় নিয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার যোগ্যতা শিথিল করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) প্রশাসন।